


ইয়াহু ম্যাসেঞ্জারে বুট প্রতিরোধের কলাকৌশল



ইয়াহু ম্যাসেঞ্জারে চ্যাট করেছেন, অথচ বুট খাননি, এমন ব্যক্তি খুঁজে পাওয়া দুস্কর। তাই চ্যাট করার সময় কেউ যাতে আপনাকে বুট করতে না পারে, সেজন্য কিছু বুট প্রতিরোধক কলাকৌশল শিখে রাখুন।

১. আপনার ইয়াহু ম্যাসেঞ্জারটি সবসময় আপ-টু-ডেট রাখুন। পুরোনো ভার্সন ব্যবহার করবেন না।
২. সরাসরি ইয়াহু ম্যাসেঞ্জার ব্যবহার না করে কোন ইয়াহু টানেল ব্যবহার করুন। টানেল খুঁজে পেতে হলে গুগল এ গিয়ে yahoo tunnel লিখে সার্চ দিন।
৩. Invisible মোড এ সাইন-ইন করুন।
৪. **Messenger > Preferences > Ignore List** এ যান। এবার "Ignore anyone who is not on my Messenger List" সিলেক্ট করে এ্যাপ্লাই দিন।
৫. **Messenger > Preferences > Privacy** তে যান। এবার "Allow Yahoo! websites to show when I am online" এবং "Show me as Idle if I don't use the computer for 15 minutes" অপশন দু'টি আনচেক করে দিন।
৬. **Messenger > Preferences > Alert & Sounds** এ যান। এবার "Enable alert sounds" অপশনটি আনচেক করে দিন।
৭. **Messenger > Preferences > Display Image** অপশনটি ডিজ্যাবল্ড অবস্থায় রাখুন।
৮. **Messenger > Preferences > Chat** অপশনটিতে যান। এবার "Ignore chat invitations" সিলেক্ট করে দিন।
৯. **Messenger > Preferences > Content Tabs** এর অপশনগুলো ডিজ্যাবল্ড করে রাখুন।
১০. **Messenger > Preferences > File Transfer** এ যান। এখন "Never accept files from anyone" এবং "Never allow others to download files from me" অপশন দু'টি সিলেক্ট করুন।

১১. **Messenger > Preferences > Messages** এ যান। এবার নিচের চিত্রটি হুবহু অনুসরণ করুন।



ইনশাল্লাহ্, আপনাকে এখন আর কেউ কোন সফটওয়্যারের সাহায্যে বুট করতে পারবে না। তবে সমস্যা হলো, আপনি এখন থেকে কারও সাথে প্রাইভেট চ্যাট করতে চাইলে, প্রথমে তার ইয়াহু আইডি আপনার ইয়াহু ম্যাসেঞ্জারে এ্যাড করে নিতে হবে। আর অন্য কেউ আপনাকে প্রাইভেট চ্যাট করতে ইনভাইট করলে আপনি জানতেও পারবেন না। এছাড়া কারও সঙ্গে ফাইল আদান-প্রদানও করতে পারবেন না।

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল-১: ahsanul_haque_shovon@yahoo.com

ইমেইল-২: ahsanul_haque_shovon@unilinkbd.net

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>